যুগান্তর

তারিখ: 03 APR 2016
পৃঃ ৭-৬ কলাম ৪

# ছাত্রদলের বিক্ষোভে পুলিশি বাধা

## খালেদা জিয়ার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির প্রতিবাদ

**যুগান্তর ডেস্ক**

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির প্রতিবাদে শনিবার বিভিন্ন স্থানে বিক্ষোভ সমাবেশ করেছে ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দল। নেত্রকোনা, জামালপুর, ঝালকাঠি ও পিরোজপুরে মিছিলে বাধা দিয়েছে পুলিশ। এর মধ্যে জামালপুরে পুলিশের লাঠিচার্জের ঘটনা ঘটেছে। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর—

**বরিশাল ব্যুরো :** বরিশালে ছাত্রদলের বিক্ষোভ মিছিলে বাধা দিয়েছে পুলিশ। শনিবার সকাল ১০টায় নগরীর সদর রোডে দলীয় কার্যালয়ের সামনে এ ঘটনা ঘটে। কেন্দ্রীয় ছাত্রদলের সহসাংগঠনিক সম্পাদক আফরোজা খানম নাসরিনের উদ্যোগে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি দলীয় কার্যালয়ে এসে একটি সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়। কেন্দ্রীয় ছাত্রদলের সহ-সভাপতি ও জেলা দল সভাপতি মাসুদ হাসানের সভাপতিত্বে বিক্ষোভ মিছিল পূর্বক সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় ছাত্রদলের সহ-সাংগঠনিক সম্পাদক আফরোজা খানম নাসরিন, হাফিজ আহমেদ বাবলু।

**জামালপুর :** জামালপুরে জেলা ছাত্রদলের বিক্ষোভ মিছিলে পুলিশ বাধা দিয়েছে। এ সময় পুলিশের লাঠিচার্জে বেশ কয়েকজন আহত হয়েছে। শনিবার দুপুরে শহরের স্টেশন রোডস্থ দলীয় কার্যালয়ের সামনে থেকে ছাত্রদল বিক্ষোভ মিছিল বের করতে গেলে পুলিশ তাতে বাধা দেয়। এ সময় পুলিশের সঙ্গে ছাত্রদলের নেতাকর্মীদের ধস্তাধস্তির ঘটনা ঘটে। এছাড়াও শহরের জিগাতলা থেকে বিক্ষোভ মিছিলে অংশ নেয়ার জন্য একটি খণ্ড মিছিল আসার সময় গেটপাড় এলাকায় পুলিশ লাঠিচার্জ করলে বেশ কয়েকজন আহত হয়। অপরদিকে পুলিশি বাধার মুখে রাস্তায় বসে পড়ে বিক্ষোভ সমাবেশ করে জেলা ছাত্রদল। বিক্ষোভ সমাবেশে জেলা ছাত্রদলের আহ্বায়ক সজিব খানের সভাপতিত্বে বক্তব্য রাখেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট শাহ্ মো. ওয়ারেছ আলী মামুন, আমজাদ হোসেন, ছাত্রদল নেতা আহসানুজ্জামান রুমেল, মনোয়ার হোসেন কর্নেল, গাউসুল আজম শাহীন, শিপার মেহেদী, জিয়াউল হক জিয়া, শাহ্ মাসুদ প্রমুখ।

**নেত্রকোনা :** প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন জেলা বিএনপির সভাপতি সাবেক সংসদ সদস্য আশরাফ উদ্দিন খান, সিনিয়র সহ-সভাপতি আবদুল মান্নান তালুকদার, সহ-সভাপতি অ্যাডভোকেট মাহফুজুল হক, সাধারণ সম্পাদক প্রফেসর ডা. আনোয়ারুল হক, সাংগঠনিক সম্পাদক এসএম মনিরুজ্জামান দুদু, যুগ্ম সম্পাদক সালাউদ্দিন খান মিল্কী, বজলুর রহমান পাঠান, অর্থ সম্পাদক এসএম মুসা, দফতর সম্পাদক অ্যাডভোকেট খলিলুর রহমান, আইনবিষয়ক সম্পাদক জিয়া উদ্দিন খান, পৌর বিএনপির সভাপতি সৈয়দ জাহেদুল আলম, আমিনুল হক, কামরুল হক, মশিউর রহমান মণ্ড, মোস্তফা মাসুদ, মনি চেয়ারম্যান, শরীফুল হাসান আরিফ, সাবিনা দেওয়ান রনু, আছিয়া রহমান, রফিকুল ইসলাম রফিক, সাইফুল ইসলাম, সোলায়মান হাসান রুবেল, দেলোয়ার হোসেন কামরুল, খালিদ সাইফুল্লাহ মুন্না, সৈয়দ আজহারুল ইসলাম কমল, সানাউল্লাহ ও ফারদিন চৌধুরী রিমি প্রমুখ।

**পিরোজপুর :** দলীয় কার্যালয় থেকে রাস্তায় বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করার পরই জেলা ছাত্রদলের বিক্ষোভ মিছিল পুলিশের বাধার মুখে পণ্ড হয়ে যায়। পরে রোজ গার্ডেন রেস্তোরাঁর সামনে সমাবেশে বক্তব্য রাখেন জেলা ছাত্রদলের আহ্বায়ক সাইদুল ইসলাম সাঈদ, যুগ্ম আহ্বায়ক সাইদুর রহমান মুরাদ, তানজিদ হাসান সাওন, খাইরুল ইসলাম, সালাউদ্দিন কুমার ও রাশেদ রনি প্রমুখ।

**ঝালকাঠি :** পুলিশের ব্যারিকেডের মধ্যে সমাবেশে জেলা বিএনপির সম্পাদক মনিরুল ইসলাম নূপুর ও সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান খান বাপ্পী, জেলা স্বেছাসেবক দলের আহ্বায়ক দ্বীন ইসলাম ও জেলা ছাত্রদলের সিনিয়র যুগ্মআহ্বায়ক এনামুল হক সাজু বক্তৃতা করেন।

**ভোলা :** সমাবেশে বক্তব্য রাখেন জেলা বিএনপি সভাপতি গোলাম নবী আলমগীর, সম্পাদক মো. ফারুক মিয়া, জেলা ছাত্রদল সভাপতি আল-আমিন, সম্পাদক মিজানুর রহমান মাসুদ, যুগ্ম সম্পাদক মনির হোসেন, অপর যুগ্ম সম্পাদক রবিন চৌধুরী, নেজামুল আলম প্রমুখ।

**নাটোর :** জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি সানোয়ার হোসেন তুষারের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক শহীদুল্লাহ সোহেল, জেলা বিএনপির প্রচার সম্পাদক ফরহাদ আলী দেওয়ান শাহিন, যুবদলের সভাপতি সাইফুল ইসলাম আফতাব, স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক রাসেল আহমেদ রনি, জহির উদ্দিন ও ছাত্রদল নেতা চপল।

**দিনাজপুর :** প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদল নেতা রাসেল আলী চৌধুরী লিমন, আবু সাইদ, রায়হান সরকার মিঠু, শামিম খান, রফিকুল ইসলাম মানিক, সালাম, রায়হান, সেতু, গোলাপ, খোকা, রাশেদ প্রমুখ।

**বাকৃবি :** বাকৃবি ছাত্রদলের সভাপতি ইয়ার মাহমুদ ও ও সাধারণ সম্পাদক জসিম জদ্দিন জনির নেতৃত্বে বিক্ষোভ মিছিল বের হয়।

**শরীয়তপুর :** বক্তব্য রাখেন জেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মাহবুব আলম খায়ের, আমিনুর রহমান আমান, জিয়াউল হক জিয়া, আফজাল খান, কাজল মাদবর, সেলিম, মোফজ্জেল মোল্যা, পান্থ, আতিকুর রহমান আতিক, সম্পাদক বাবু মাদবর, নিজাম মাদবর, সোহেল প্রমুখ।